

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 20.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যের জন্য বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ এবং রাজস্ব বন্টনের হার বিষয়ে আলোচনা করতে ষোড়শ অর্থ কমিশনের সদস্যরা পশ্চিমবঙ্গে আসছেন।
 - ২) বিধানসভার আসন্ন অধিবেশনে কেন্দ্রের ওয়াক অফ সংক্রান্ত বিলের পাঁচটা হিসাবে একটি বিল আনার বিষয়ে ভাবনাচিন্তা করছে তৃণমূল কংগ্রেস।
 - ৩) চলতি বছরে রাজ্যে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ২০ হাজার পেরিয়েছে। জেলাগুলিকে সতর্ক থাকার বার্তা স্বাস্থ্য দপ্তরের।
 - ৪) উত্তর ব্যারাকপুর পুরসভার উপপ্রধান সত্যজিত ব্যানার্জীর রহস্য মৃত্যুর ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।
 - ৫) বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে গোয়ার পানাজিতে আজ সূচনা হয়েছে ৫৫ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফির।
 - ৬) বাংলা, জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির মূল পর্বে উঠেছে।
-

রাজ্যের জন্য বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ ও রাজস্ব বন্টনের হার সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে ষোড়শ অর্থ কমিশনের সদস্যরা রাজ্যে আসছেন। প্রাথমিক চিকিৎসা, পানীয় জল খাতে অর্থ বরাদ্দ সহ নানা বিষয়ে আলোচনা হবে। আগামী মাসের শুরুতেই কমিশনের প্রতিনিধিরা রাজ্যে এসে মুখ্যসচিব মনোজ পন্থ, অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, অর্থ সচিব প্রভাত মিশ্রর সঙ্গে বৈঠক করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পঞ্চদশ অর্থ কমিশন রাজ্যের জন্যে যে অর্থ বরাদ্দ করেছিল তার খরচ নিয়েও কথা হতে পারে।

উল্লেখ্য কেন্দ্রীয় সরকার নীতি আয়োগের প্রাক্তন ভাইস চেয়ারম্যান অরবিন্দ পানাগারিয়ার নেতৃত্বে মোট ৫ সদস্যর যে ষোড়শ অর্থ কমিশন গঠন করেছে আগামী অক্টোবর মাসের মধ্যে সুপারিশ জমা দেবার কথা বলা হয়েছে। ২০২৬-২৭ অর্থ বছর থেকে তাদের সুপারিশগুলি কার্যকর করা হবে।

বিধানসভার আসন্ন অধিবেশনে কেন্দ্রের ওয়াকফ সংক্রান্ত বিলের বিরুদ্ধে নিন্দা প্রস্তাবের পরিবর্তে তৃনমূল কংগ্রেস পরিষদীয় দল পাণ্টা একটি বিল আনার বিষয়ে চিন্তাভাবনা করছে। এই নিয়ে বিধানসভার সচিবালয়, আইন ও পরিষদীয় দপ্তরের মধ্যে আলোচনা শুরু হয়েছে বলে বিধানসভা সূত্রে জানা গিয়েছে। আগামী সোমবার অধিবেশন শুরু হচ্ছে। মঙ্গলবার সংবিধান দিবস নিয়ে আলোচনা হবে। এরপর বুধবার এই বিল আনার পরে তা নিয়ে আলোচনা হতে পারে বলে সূত্রের খবর।

আগামী শনিবার রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ফল ঘোষণা করা হবে। ঝাড়খণ্ড এবং মহারাষ্ট্র বিধানসভার সঙ্গে সঙ্গেই রাজ্যের এই আসনগুলির উপনির্বাচনের ভোট গণনা। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

গোষ্ঠী সংঘর্ষের অভিযোগের প্রেক্ষিতে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ মুর্শিদাবাদের বেলডাঙ্গায় যাবার পথে পুলিশ নদীয়ার কৃষ্ণনগরে দ্বিজেন্দ্র সেতুর সামনে তাঁকে আটকে দেয়। প্রতিবাদে রাস্তায় বসে পড়ে পুলিশ প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ ব্যক্ত করেন সুকান্ত বাবু। পুলিশ তাঁকে এবং কয়েকজন বিজেপি কর্মীকে কোতোয়ালী থানায় নিয়ে যায়। এরপর ব্যক্তিগত বন্ডে ছাড়া পান তাঁরা। সংবাদমাধ্যমের কাছে সুকান্তবাবু পুলিশের এই আচরণ নিয়ে প্রশ্ন তুলেছেন।

বাইট সুকান্ত

এই গ্রেফতারির প্রতিবাদে যুব মোর্চার নেতা তমোয় ঘোষ এবং সুবোধ দাসের নেতৃত্বে বিজেপি উত্তর কলকাতার সেন্ট্রাল এভিনিউতে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করে। রাস্তায় তীব্র যানজট সৃষ্টি হয়। বিশাল পুলিশ বাহিনী সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। বিক্ষোভ দেখানো হয় নদীয়ার রানাঘাটেও।

এদিকে বেলডাঙ্গার ঘটনায় রাজ্য পুলিশের কাছে রিপোর্ট চেয়ে পাঠিয়েছে কলকাতা হাইকোর্টের বিচারপতি হরীশ ট্যান্ডনের ডিভিশন বেঞ্চ।

তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ, বিজেপি রাজ্য সভাপতির বেলডাঙ্গা যাওয়ার পথে আটক করাকে কটাক্ষ করেছেন। মণিপুরের পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক হলেও সেখানে বিজেপি নেতারা কেন যাচ্ছেন না, সেই প্রশ্নও তুলেছেন কুনাল বাবু।

বাইট কুনাল

কলকাতা হাইকোর্টের দুই বিচারপতির ভিন্ন মতে জামিন পেলেন না প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি নিয়োগ মামলায় আজ পার্থ চট্টোপাধ্যায় সহ মোট ন'জনের জামিনের আবেদনের শুনানি ছিল বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং বিচারপতি অপূর্ব সিংহ রায়ের ডিভিশন বেঞ্চে। বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় ন'জনের জামিনের আবেদন মঞ্জুর করেন। কিন্তু বিচারপতি অপূর্ব সিংহ রায় পার্থ চট্টোপাধ্যায় ছাড়াও সুবীরেশ ভট্টাচার্য, অশোক সাহা, কল্যাণময় গঙ্গোপাধ্যায় এবং শান্তিপ্রসাদ সিন্হার জামিনের আবেদন খারিজ করে দেন। বাকি চার জনের জামিনের আবেদন মঞ্জুর করেন তিনি। দুই বিচারপতি ভিন্ন মত পোষণ করায় কোনও চূড়ান্ত সিদ্ধান্তে আসতে পারেনি ডিভিশন বেঞ্চ। এর ফলে মামলাটি এখন তৃতীয় কোনও বিচারপতির বেঞ্চে যাবে।

অবিলম্বে নিয়োগের দাবিতে চাকরি প্রার্থীরা আজ কলকাতায় মিছিল করে। শিয়ালদা থেকে মিছিল ধর্মতলা পর্যন্ত যায়। তাদের অভিযোগ দীর্ঘদিন ধরে পুলিশে নিয়োগ হচ্ছে না। নিয়োগের পরীক্ষার তারিখ বদলে দেওয়ারও অভিযোগ করেন আন্দোলনরত চাকরি প্রার্থীরা।

চলতি বছরে রাজ্যে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ২০ হাজার পেরিয়ে গেছে। ১৩ই নভেম্বর পর্যন্ত মশকবাহিত এই অসুখে আক্রান্তের সংখ্যা ছিল ২৩ হাজার ২২৭ জন।

এর মধ্যে সরকারি হাসপাতালে টেস্ট করানোর পর ডেঙ্গি রিপোর্ট পজিটিভ এসেছে ১৮ হাজার ১৩৩ জনের। বেসরকারি হাসপাতাল ও ল্যাব থেকে ডেঙ্গি টেস্টের রিপোর্ট পজিটিভ এসেছে ৫ হাজার ৯৪ জনের। মরশুমের শুরু মত শেষ পর্বেও ডেঙ্গি সংক্রমণের সংখ্যার নিরিখে রাজ্যে শীর্ষে রয়েছে মুর্শিদাবাদ। সেখানে এপর্যন্ত আক্রান্তের সংখ্যা পাঁচ হাজারেরও বেশি।

এদিকে স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে প্রতিটি জেলা শাসকদের ডেঙ্গি নিয়ে সতর্ক করেছে।

উত্তর ব্যারাকপুর পৌরসভার উপপুরপ্রধান সত্যজিৎ ব্যানার্জির রহস্য মৃত্যুর ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত জয়শ্রী দাস, শুভজিৎ বিশ্বাস ওরফে সন্তু এবং শুক্লা বিশ্বাসকে ব্যারাকপুর আদালতে তোলা হয়।

পূর্ব বর্ধমানের কালনার এক নম্বর ব্লকের নান্দাই পঞ্চায়েতের নতুনগ্রাম আশ্রয়পাড়া ঘুঘুডাঙ্গা এলাকায় আবাস যোজনা তালিকা থেকে যোগ্য প্রাপকদের নাম বাদ পড়ার অভিযোগ উঠেছে। এই নিয়ে গ্রামগুলির বাসিন্দারা আজ বিডিও অফিসের সামনে বিক্ষোভ দেখান। পরে একটি স্মারকলিপিও জমা দেওয়া হয়। তাদের অভিযোগ, পাকা বাড়ি রয়েছে এমন মানুষজনের নাম তালিকায় রয়েছে। বিডিও বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন।

স্বাস্থ্য পরিকাঠামো সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কথা বলতে চেয়ে সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজের সিনিয়র চিকিৎসকরা রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। মুখ্য সচিব মনোজ পন্থকে লেখা এই চিঠিতে চিকিৎসকদের নিরাপত্তা, সুরক্ষা এবং হাসপাতালগুলিতে রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনার জন্য চিকিৎসকরা সময় চেয়েছেন বলে নবান্ন সূত্রের খবর।

প্রেস ইনফরমেশন ব্যুরো পি এই বির উদ্যোগে পুরুলিয়া শহরে শুরু হয়েছে বার্তালাপ কর্মশালা। আজ এর উদ্বোধন করেন পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো। পি আই বির পূর্বাঞ্চলীয় মহানির্দেশক টি ভি কে রেডিড বলেন,

বাইট

বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে গোয়ার পানাজিতে ডঃ শ্যামা প্রসাদ মুখার্জী স্টেডিয়ামে আজ শুরু হয়েছে ৫৫ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফি।

(ইনসার্ট)

দুই তরুণ পরিচালকের মধ্যে কলকাতায় ইতমধ্যেই মুক্তি পাওয়া “ভূত পরী” ছবির পরিচালক সৌকর্য জাতীয় চলচ্চিত্র উৎসবে সুযোগ পাওয়ায় খুবই উচ্ছ্বসিত। আকাশবাণীকে তিনি জানালেন,

(বাইট- সৌকর্য ঘোষাল)

বাংলা, জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির মূল পর্বে উঠেছে। কল্যাণী স্টেডিয়ামে আজ বাংলা ও বিহারের মধ্যে গ্রুপ লিগের খেলাটি গোলশূন্যভাবে শেষ হয়। চার দলের গ্রুপ পর্যায়ে বাংলা তিন ম্যাচে সাত পয়েন্ট পেয়ে মূল পর্বে পৌঁছলো।

ইডেনে কোচবিহার ট্রফি ক্রিকেটের প্রথম দিনে আজ সৌরাষ্ট্র এর বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে এক উইকেটে ১৮৪ রান করেছে। আকশাজ গিরি ৮৭ এবং আশুতোষ কুমার ১৮ রানে অপরাধিত আছে।
